# বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ বগুড়া

## বারপুর, বগুড়া

**দরপত্র আহ্বান: ক্যান্টিন ঠিকাদার নিয়োগের জন্য দরপত্র বিজ্ঞপ্তি**

বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ বগুড়ার শিক্ষার্থীদের টিফিন সরবরাহের ক্যান্টিন মাসিক ভাড়ার ভিত্তিতে ইজারা প্রদান করা হবে। এ লক্ষ্যে আগ্রহী স্থানীয় খাবার উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে বন্ধ খামে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা হচ্ছে। আগ্রহী এবং অভিজ্ঞতা সম্পন্ন খাবার উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের মালিকগণ আগামী ২৯ এপ্রিল ২০২৫ তারিখ হতে ১১ মে ২০২৫ তারিখ ০৮০০ ঘ: হতে ১৪০০ ঘ: (কর্মদিবস) পর্যন্ত কলেজ অফিস হতে ৩০০/- (তিন শত) টাকা (অফেরত যোগ্য) প্রদান করে দরপত্র সংগ্রহ করতে পারবেন। দরপত্রের সাথে নিজ প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নবর্ণিত দলিলপত্রাদি জমা দিতে হবে:

১। প্রতিষ্ঠানের নামে হালনাগাদ ট্রেড লাইসেন্স। (যদি থাকে)

২। প্রতিষ্ঠানের মালিকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

৩। পাসপোর্ট সাইজের সদ্য তোলা ০২ কপি ছবি।

৪। বিএএফ শহীন কলেজ বগুড়া বরাবর মাসিক ভাড়ায় বরাদ্দ গ্রহণের জন্য নিরাপত্তা জামানত হিসেবে টেন্ডার পরবর্তী মনোনীত খাবার উৎপাদনকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকার ব্যাংক ড্রাফট (ফেরত যোগ্য) দাখিল করতে হবে, যা চুক্তিকালীন সময়ে কলেজ কর্তৃপক্ষের নিকট গচ্ছিত থাকবে।

উক্ত দলিলাদি/সনদপত্রসহ পূরণকৃত দরপত্রের মূল কপি বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ বগুড়া এর বরাবরে আগামী ১২ মে ২০২৫ হতে ১৫ মে ২০২৫ তারিখ ১৩০০ ঘটিকার মধ্যে অত্র প্রতিষ্ঠানের রক্ষিত টেন্ডার বাক্সে মুখ বন্ধ খামে জমা দেওয়া যাবে। ১৫ মে ২০২৫ তারিখ ১৩৩০ ঘটিকার সময় টেন্ডার বাক্স খোলা হবে। খামের উপর অবশ্যই 'ক্যান্টিন ইজারার দরপত্র' কথাটি লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল অথবা যেকোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অধ্যক্ষ
বিএএফ শাহীন কলেজ বগুড়া

দূরালাপনী: ০১৩১৩৭২১২১৮/০১৭৬৯৪০৫৫৯২

# বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ বগুড়া

## ক্যান্টিন ঠিকাদার নিয়োগের শর্তাবলী এবং অন্যান্য তথ্যাবলি

১। দরপত্র দাখিলকারীদের মধ্য হতে নির্বাচিত প্রতিষ্ঠানকে কলেজ কর্তৃপক্ষের সরবরাহকৃত নমুনা/নির্দেশনা অনুযায়ী খাবার উৎপাদন ও সরবরাহ করতে হবে।

২। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানকে সিডিউল ও শর্তাবলীর প্রতি পাতায় প্রাতিষ্ঠানিক সীলমোহরসহ দস্তখত করত: মূলকপি প্রদত্ত দরের সাথে জমা দিতে হবে।

৩। শর্ত মোতাবেক যাবতীয় কর্মকান্ড যথাযথ সততার সহিত সম্পাদন করতে হবে। কোন মতপার্থক্য পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৪। Sub contract এর মাধ্যমে কার্য সমাধান করা যাবে না।

৫। নির্বাচিত প্রতিষ্ঠানের সঙ্গে প্রাথমিকভাবে ০৫ বছরের জন্য ক্যান্টিন ইজারা চুক্তি সম্পাদন করা হবে এবং সন্তোষজনক সেবা প্রদান সাপেক্ষে পরবর্তীতে চুক্তি নবায়ন করা হবে।

৬। বর্ণিত ক্যান্টিনের বিদ্যুৎ ও পানির বিল নির্বাচিত প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

৭। অত্র প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রায় ২২০০ জন শিক্ষার্থীর টিফিন সরবরাহ করতে হবে। যা পর্যায়ক্রমে প্রতি শিক্ষাবর্ষে বৃদ্ধি পাবে।

৮। নির্বাচিত প্রতিষ্ঠানকে কলেজ ক্যান্টিনের নির্ধারিত স্থানে রুচিশীল ও মানসম্মত ডেকোরেশন এবং আসবাবপত্র স্থাপন করতে হবে।

৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অধ্যক্ষ
বিএএফ শাহীন কলেজ বগুড়া